

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫০২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫২. দ্বিতীয় অনুচ্ছেদ - বৃষ্টির জন্য সালাত

### আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ قَالَ: خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْمُصلَّى فَاسْتَسْقَى وَحَوَّلَ رِدَاءَهُ حِينَ اسْتَقْبَلَ الْقِبْلَةَ فَجَعَلَ عِطَافَهُ الْأَيْمَنَ عَلَى عَاتِقِهِ الْأَيْسَرِ وَجَعَلَ عِطَافَهُ الْأَيْسَرَ عَلَى عَاتِقِهِ الْأَيْسَرِ وَجَعَلَ عِطَافَهُ الْأَيْسَرَ عَلَى عَاتِقِهِ الْأَيْمَنِ ثُمَّ دَعَا الله. رَوَاهُ أَبُو دَاوُد

#### বাংলা

১৫০২-[৬] 'আবদুল্লাহ ইবনু যায়দ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার 'ইসতিসকার সালাত (সালাত/নামায/নামাজ) (বৃষ্টির জন্য সালাত) আদায়ের জন্য ঈদগাহের দিকে গমন করলেন। তিনি ক্বিলা (কিবলা/কেবলা)মুখী হবার সময় তাঁর গায়ের চাদর ঘুরিয়ে দিলেন। চাদরের ডানদিক তিনি বাম কাঁধের উপর এবং বামদিক ডান কাঁধের উপর রাখলেন। এরপর আল্লাহর নিকট দু'আ করলেন। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১১৬৩, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৪১৫।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (غَمَا الله) তিনি আল্লাহর নিকট দু'আ করতেন অনাবৃষ্টি দূরীভূত হোক এবং বৃষ্টি বর্ষণ হোক। আর হাদীসে চাদর ঘুরানোর পদ্ধতি বর্ণনা হয়েছে যে চাদরের ডান প্রান্তকে বাম দিকে করবে আর বাম প্রান্তকে ডান দিকে করবে আর এখানে সালাতের কথা উল্লেখ করেননি সম্ভবত রাবী ভুলে গেছেন এজন্য সংক্ষিপ্তভাবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন